জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অধীনে চট্টগ্রামস্থ রাউজান উপজেলার চট্টগ্রাম-কাপ্তাই মহাসড়কের পার্শ্বে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট (রাউজান পিংক সিটি-২) বরাদ্দের

প্রসপেক্টাস ও আবেদনপত্র

NHA

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা।

মূল্য : ৫০০ (পাঁচশত টাকা) মাত্র

Download from www.nha.gov.bd Date: 27/05/2017

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অধীনে চট্টগ্রামস্থ রাউজান উপজেলার চট্টগ্রাম-কাপ্তাই মহাসড়কের পার্শ্বে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট (রাউজান পিংক সিটি-২) বরাদ্দের

প্রসপেক্টাস

০১। ক) আগ্রহী বাংলাদেশী নাগরিক/ ব্যক্তিগণকে ৫০০.০০ (পাঁচশত) টাকা মাত্র অফেরতযোগ্য মূল্যে ক্রয়কৃত প্রসপেক্টাস এর সহিত নির্ধারিত ফরমে আবেদন করিতে হইবে।

(খ) বিদেশে কর্মরত বাংলাদেশের নাগরিকগণ (NRB) প্লট বরাদ্দের জন্য আবেদন করিতে পারিবেন এবং তাঁহাদের ক্ষেত্রে ঐ দেশের নোটারী পাবলিক/বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মুখে হলফনামা আবেদনপত্রের সঙ্গে দাখিল করিতে হইবে। চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বরাবরে FC A/C. NO. 01100682 হিসাবে SWIFT CODE : BKSIBDDHA 002, BASIC BANK LIMITED (Main Branch) MOTIJHEEL, DHAKA, BANGLADESH-এর মাধ্যমে ১৫ (পনের) মার্কিন ডলার জমা প্রদান সাপেক্ষে আবেদনপত্র সংগ্রহ করিতে পারিবেন। অথবা প্রসপেক্টাস ও আবেদনপত্র জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েব সাইড থেকে ডাউনলোড পূর্বক সংগ্রহ করে আবেদনপত্রের সাথে ফরমের মূল্য বাবদ পৃথক ১৫ ডলার জমা প্রদান করিতে হইবে। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েব সাইড : **www.nha.gov.bd.**

০২। যদি কেহ নিজ নামে, স্ত্রী / স্বামী/সন্তান/পোষ্য বা বেনামে রাউজান উপজেলার আওতাধীন এলাকার মধ্যে কোন সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হইতে জমি / ফ্ল্যাট বরাদ্দ পাইয়া থাকেন তবে তিনি এই প্লট বরাদ্দের জন্য আবেদন করিবার যোগ্য হইবেন না। এ বিষয়ে পরবর্তীতে উক্তরূপ প্রমাণিত হইলে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বরাদ্দ আদেশ বাতিল করা হইবে এবং জমাকৃত অর্থ বাজেয়াপ্ত হইবে।

০৩। প্রত্যেক আবেদনকারীকে অবশ্যই প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট/ নোটারী পাবলিক এর সম্মুখে (বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকদের ক্ষেত্রে ঐ দেশের নোটারী পাবলিক/ বাংলাদেশী দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সম্মুখে) নির্ধারিত ছকে ৩০০/- (তিনশত) টাকা নন জুডিশিয়াল স্ট্যাম্পে ৩০/০৬/২০১৩ খ্রিস্টাব্দ তারিখের পরে সম্পাদিত হলফ নামা আবেদন পত্রের সঙ্গে দাখিল করিতে হইবে।

০৪। প্রতি কাঠা জমির আনুমানিক মূল্য ৪,৯০,০০০/-(চার লক্ষ নব্বই হাজার) টাকা মাত্র। নিম্নে প্লটের আনুমানিক আয়তন ও সংখ্যা দেওয়া হইল।

ক্রমিক নং	প্লটের আয়তন	প্লটের সংখ্যা
১	৫.০০ কাঠা	১ টি (কম/বেশী)
২	৩.০০ কাঠা	২৭০ টি (কম/বেশী)

নিম্নলিখিত দপ্তর সমূহে অফিস চলাকালীন সময়ে ৫০০/- (পাঁচশত) টাকা নগদ প্রদান সাপেক্ষে পত্রিকায় প্রকাশিত তারিখ হইতে শেষ তারিখ পর্যন্ত প্লটের প্রসপেক্টাস বিক্রয় ও আবেদনপত্র গ্রহণ করা হইবে।

১। ই/এম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গৃহায়ন ভবন, (৭ম তলা), সেগুন বাগিচা, ঢাকা।
২। ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মিরপুর-২, ঢাকা।
৩। ঢাকা ডিভিশন-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মোহাম্মদপুর, ঢাকা।
৪। মিরপুর গৃহ সংস্থান বিভাগ-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মিরপুর-২, ঢাকা।
৫। চট্টগ্রাম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নাসিরাবাদ, চট্টগ্রাম।
৬। সিলেট ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, শিবগঞ্জ, সিলেট।

Download from www.nha.gov.bd Date: 27/05/2017

৭। রাজশাহী ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সপুরা, রাজশাহী।
৮। খুলনা ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, খালিশপুর, খুলনা।
৯। দিনাজপুর ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নিউটাউন, দিনাজপুর।
১০। চট্টগ্রাম উপ বিভাগ-১/২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নাসিরাবাদ, চট্টগ্রাম।

০৫। (ক) প্রত্যেক আবেদনকারীকে আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত হারে জামানতের টাকা চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুন বাগিচা, ঢাকা এর অনুকূলে যে কোন তপসীলভূক্ত/ বানিজ্যিক ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/ পে- অর্ডার এর মাধ্যমে জমা দিতে হইবে।

৫.০০ কাঠা প্লটের জন্য ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকা)

৩.০০ কাঠা প্লটের জন্য ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা)

বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ প্লট ক্রয়ের জন্য আবেদন করিতে পারিবেন। তাহারা অবশ্যই সমপরিমান টাকা পাউন্ড স্টালিং/ আমেরিকান ডলারে চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকার বরাবরে FC A/C. NO. 01100682 হিসাবে SWIFT CODE : BKSIBDDHA 002, BASIC BANK LIMITED (Main Branch) MOTIJHEEL, DHAKA, BANGLADESH-এর মাধ্যমে প্রদান করিবেন। এবং তাহাদের ক্ষেত্রে জমাকৃত পে অর্ডার বাংলাদেশী যে কোন শাখায় drawn on হইতে হইবে। তাহাদের ক্ষেত্রে ঐ দেশের নোটারী পাবলিক/ বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মুখে সম্পাদিত হলফনামা আবেদনপত্রের সাথে দাখিল করিতে হইবে।

খ) যাহারা লটারীতে প্লট পাইবেন না তাহাদের জামানতের টাকা বরাদ্দ প্রাপকের তালিকা প্রকাশের পর অনধিক ১(এক) মাসের মধ্যে নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম বিভাগ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নাসিরাবাদ, চট্টগ্রাম অফিস হইতে ফেরত দেওয়া হইবে। তবে কোন প্রকার সুদ প্রদান করা হইবে না।

গ) সকল আবেদনকারী তাদের জামানতের টাকা যে ব্যাংক ও একাউন্ট নাম্বরে পাইতে ইচ্ছুক তাহার (আবেদনকারীর নিজ নাম) একাউন্ট নাম্বার ব্যাংকের নাম ও ঠিকানা আবেদনপত্রে উল্লেখ করিতে হইবে। যে সকল আবেদনকারী প্লট পাইবে না অথবা প্লট পেলে পরবর্তীতে নিতে আগ্রহী নন তাহাদের জামানতের টাকা উক্ত হিসাব নাম্বারে আবেদন সাপেক্ষে ফেরত প্রদান করা হইবে।

০৬। যে সকল আবেদনকারী প্লটের বরাদ্দ পাইবেন, তাহাদের প্রদত্ত জামানতের টাকা জমির মূল্যের প্রথম কিস্তির সাথে সমন্বয় করা হইবে। আবেদনকারীগণ যাহারা প্লট বরাদ্দ পেইলেও প্লট নিতে ইচ্ছুক নন, তাহারা জামানতের টাকা ফেরত চেয়ে আবেদন করিলে আবেদন প্রাপ্তির অনধিক ১ (এক) মাসের মধ্যে সুদ বিহীন ফেরত দেওয়া হইবে।

০৭। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হইতে হইবে।

০৮। যাহাদের বাৎসরিক আয় ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকার উর্ধ্বে, সরকারী বিধি-বিধান অনুযায়ী তাহাদের টিন সার্টিফিকেট ও সংশ্লিষ্ট বছরের আয়কর জমাদানের প্রত্যয়ন পত্রের সত্যায়িত ফটোকপি অবশ্যই আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

চাকুরিজীবিগণকে বেতন স্কেল ও মাসিক বেতন ও বার্ষিক মোট বেতন সম্পর্কে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং প্রযোজ্য ক্ষেত্রে আয়কর সার্টিফিকেট আবেদনের সাথে সংযুক্ত করিতে হইবে। বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকদের উক্ত সার্টিফিকেট বাংলাদেশ দূতাবাস কর্তৃক সত্যায়িত করিয়া সংযুক্ত করিতে হইবে। ক্রমিক নং ১০ (ক), (খ), (গ), (ছ) (জ) (ঝ) এবং (ঞ) তে উল্লেখিত পেশা গ্রুপ ব্যতীত অন্যান্য আবেদনকারীগণ, যাহাদের বাৎসরিক আয় ২,০০,০০০.০০/- (দুই লক্ষ) টাকার নিচে, তাহাদের আয়ের স্বপক্ষে ১ম শ্রেণীর গেজেটেড অফিসার/ স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরিরত ১ম শ্রেণীর কর্মকর্তা/চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ/ মেয়র, পৌরসভা কর্তৃক সার্টিফিকেট দাখিল করিতে হইবে।

০৯। আবেদনকারীর বয়স ৩০/০৬/২০১৩ খ্রিস্টাব্দ তারিখে নুন্যতম ২৫ বৎসর হইতে হইবে।

Download from www.nha.gov.bd Date: 27/05/2017

১০। আবেদনকারীকে তাহার পেশা হিসাবে নিম্নবর্ণিত গ্রুপের যে কোন পেশা উল্লেখ করিতে হইবে। কোন আবেদনকারীকে নিম্নবর্ণিত (ক) গ্রুপ হইতে (ঠ) গ্রুপে অর্ন্তভুক্ত না হইলে (ড) অন্যান্য গ্রুপে তাহার পেশার বিষয় উল্লেখ করিতে হইবে। কোন কোটায় প্লটের প্রাপ্যতা অপেক্ষা দরখাস্ত কম হইলে অথবা দরখাস্ত না পাওয়া গেলে অবশিষ্ট প্লটসমূহ দরখাস্ত ও প্লট সংখ্যার সর্বোচ্চ অনুপাত বিশিষ্ট কোটায় সরাসরি সংযোজিত হইবে।

ক্রমিক নং	পেশা গ্রুপ	শতকরা হার
ক	সরকারী কর্মকর্তা/ কর্মচারী	১৮%
খ	আধা সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী	০৮%
গ	বেসরকারী প্রতিষ্ঠানে চাকুরি	০৮%
ঘ	বিদেশে কর্মরত ব্যাক্তি	০৭%
ঙ	মুক্তিযোদ্ধা	০৪%
চ	ব্যবসায়ী	০৮%
ছ	অবসরপ্রাপ্ত চাকুরিজীবি	০৪%
জ	মন্ত্রণালয় এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের কর্মকর্তা /কর্মচারীগণের জন্য নির্ধারিত	০৬%
ঝ	অর্থ বিভাগ, আই এম ইডি এবং পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় সংশ্লিষ্ট কর্মচারীগণের জন্য নির্ধারিত	০১%
ঞ	গৃহায়ন অধিদপ্তর কর্তৃক প্রকল্প এলাকার অধিগ্রহনকৃত ক্ষতিগ্রস্থ লোকজন	০৪%
ট	বিশেষ পেশা (শিল্পী, সাহিত্যিক, সাংবাদিক, আইনজীবি ইত্যাদি)	০৪%
ঠ	সংরক্ষিত কোটা	২০%
ড	অন্যান্য	০৮%
	মোট	১০০%

১১। চাকুরিজীবি আবেদনকারী তাহার চাকুরিতে যোগদানের তারিখ স্ব-স্ব নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট হইতে সার্টিফিকেট সংগ্রহ করিয়া আবেদনপত্রের সঙ্গে দাখিল করিতে হইবে।

১২। মুক্তিযোদ্ধা কোটায় আবদনকারীগণকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সনদপত্র/ সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।

১৩। মুক্তিযোদ্ধার স্ত্রী ও সন্তান মুক্তিযোদ্ধা কোটায় উক্ত প্রকল্পের জন্য আবেদন করিতে পারিবেন।

১৪। অবসরপ্রাপ্ত চাকুরিজীবি অবসর গ্রহনের নোটিফিকেশন, শেষবেতন স্কেল ও মোট বেতনের সার্টিফিকেট ১ম শ্রেণীর গেজেটেড অফিসার/স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরীরত ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করাইয়া আবেদনপত্রের সঙ্গে দাখিল করিতে হইবে।

১৫। প্রকল্প এলাকায় জমি অধিগ্রহণ জনিত ক্ষতিগ্রস্থ লোকজন যাহারা (ঞ) গ্রুপে আবেদন করিবেন, তাহাদিগকে এওয়ার্ড সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।

১৬। বাৎসরিক ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার উর্ধ্বে যাহাদের আয়, তাহারা প্লট বরাদ্দ লাভের জন্য আবেদনের যোগ্য হইবেন না। প্রবাসী বাংলাদেশী আবেদনকারীদের ক্ষেত্রে এই উর্ধ্বসীমা প্রযোজ্য হইবে না।

১৭। প্রকৌশলী, আইনজীবী, চিকিৎসক কোটার আবেদনকারীদেরকে স্ব-স্ব রেজিস্টার্ড কেন্দ্রীয় সংগঠনের প্রত্যয়নপত্র অবশ্যই দাখিল করিতে হইবে।

১৮। সাংবাদিক কোটার ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের সাংবাদিকতার সনদপত্রের সত্যায়িত কপি অবশ্যই দাখিল করিতে হইবে।

Download from www.nha.gov.bd Date: 27/05/2017

১৯। **জমির মূল্য পরিশোধের পদ্ধতি :**

ক) প্রথম কিস্তি : বরাদ্দকৃত জমির মোট মূল্যের ৪০% টাকা বরাদ্দপত্র জারির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পরিশোধ করিতে হইবে। জামানতের টাকা প্রথম কিস্তির সহিত সমন্বয় করা হইবে।

খ) দ্বিতীয় কিস্তি : বরাদ্দের ১২ (বার) মাসের মধ্যে মোট মূল্যের ২০% টাকা পরিশোধ করিতে হইবে।

গ) তৃতীয় কিস্তি : বরাদ্দের ১৮ (আঠার) মাসের মধ্যে মোট মূল্যের ২০% টাকা পরিশোধ করিতে হইবে।

ঘ) চতুর্থ কিস্তি : বরাদ্দের ২৪ (চব্বিশ) মাসের মধ্যে মোট মূল্যের ২০% টাকা পরিশোধ করিতে হইবে। অর্থাৎ সর্বমোট মূল্য ১০০% পরিশোধ করিতে হইবে।

ঙ) জমির চতুর্থ কিস্তির টাকা পরিশোধের ৩ (তিন) মাস পর প্লটের বাস্তব দখল হস্তান্তরসহ লীজ দলিল রেজিস্ট্রি করার ব্যবস্থা করা হইবে। ইহার যাবতীয় ব্যয়ভার বরাদ্দ গ্রহীতাকে বহন করিতে হইবে।

চ) লীজ দলিল সম্পাদনের ৫(পাঁচ) বৎসরের মধ্যে অবশ্যই জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর ছাড়পত্র এবং স্থানীয় পৌর কর্তৃপক্ষের অনুমোদিত নকশা অনুযায়ী বাড়ী নির্মাণ করিতে হইবে। অন্যথায় বরাদ্দ বাতিলক্রমে জমাকৃত অর্থের ৫% বাজেয়াপ্ত করিয়া অবশিষ্ট অর্থ ফেরত দেওয়া হইবে।

ছ) যাহারা বরাদ্দের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে জমির মূল্যের প্রথম কিস্তির টাকা পরিশোধ করিতে ব্যর্থ হইবেন, তাহাদের বরাদ্দ বাতিল বলিয়া গণ্য হইবে।

জ) প্রথম কিস্তির টাকা পরিশোধের পর যাহারা সময়মত পরবর্তী কিস্তিসমূহ পরিশোধ করিতে অপারগ/ ব্যর্থ হইবেন তাহাদের কিস্তির জন্য নির্ধারিত সর্বশেষ তারিখ হইতে ৯০ (নব্বই) দিন পর্যন্ত ১৩% হারে সুদসহ কিস্তির টাকা পরিশোধের সুযোগ দেওয়া হইবে। উক্ত সময়ের মধ্যেও যাহারা সুদসহ সমুদয় মূল্য/ কিস্তি পরিশোধ করিতে ব্যর্থ হইবেন তাহাদের বরাদ্দপত্র বাতিল করা হইবে এবং জমাকৃত মূল্যের ৫% কর্তন করিয়া অবশিষ্ট টাকা (সুদ বিহীন) ফেরত দেওয়া হইবে।

২০। বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ পাউন্ড স্টার্লিং/ আমেরিকান ডলার অথবা এফ সি একাউন্ট এর মাধ্যমে বাংলাদেশী মুদ্রায় জমির মূল্য পরিশোধ করিতে পারিবেন। সরকার (এই ক্ষেত্রে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ) জমাকৃত অর্থ ফেরত দিলে উহা বাংলাদেশী মুদ্রায় ফেরত দেওয়া হইবে। বৈদেশিক মুদ্রায় বিনিময় হারের জন্য জামানতের অর্থ বাংলাদেশী মুদ্রায় হ্রাস পাইলে তাহা গ্রহণে সম্মত থাকিতে হইবে। অন্যতায় জামানতের টাকা জমাকৃত তারিখের মূল্যে বাংলাদেশী মুদ্রায় ফেরত দেওয়া হইবে।

২১। অসম্পূর্ণ এবং ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র গ্রহনযোগ্য নয়। ইচ্ছাকৃতভাবে তথ্য গোপন করিলে বা ভুল তথ্য পরিবেশন করিলে এবং পরবর্তী প্রমাণিত হইলে, বরাদ্দপত্র বাতিল করা হইবে এবং জমাকৃত টাকা বাজেয়াপ্ত করা হইবে।

২২। একান্নভুক্ত পরিবার হইলে মাত্র একটি আবেদন করা যাইবে। একান্নভুক্ত পরিবারের সদস্যগণ একাধিক প্লট বরাদ্দ পাইলে এবং তাহা কোন সময়ে প্রমাণিত হইলে, প্লট বরাদ্দ বাতিল করা হইবে এবং প্লটের জন্য জমাকৃত জামানতের টাকা বাজেয়াপ্ত করা হইবে।

২৩। আবেদনকারীর সঠিক বয়স প্রমাণের জন্য ১ম শ্রেণীর গেজেটেড অফিসার /স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরীরত ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত এস এস সি/ সমমান পরীক্ষা পাশের সার্টিফিকেটের অনুলিপি আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে। যাহারা এস এস সি/ সমমান পরীক্ষায় পাশ করেন নাই, তাহাদের বয়স প্রমানের জন্য ভোটার আই ডি কার্ড/ জন্ম নিবন্ধন/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশনের কমিশনারের সার্টিফিকেট সংযুক্ত করিতে হইবে।

২৪। আবেদনকারীকে প্রকল্প এলাকার যে কোন স্থানে বরাদ্দকৃত প্লট গ্রহনে সম্মত থাকিতে হইবে।

২৫। বরাদ্দ প্রাপকগণ লীজ দলিল সম্পাদনের পর বাড়ী করার সময় নীচ তলার উচ্চতা ১২ ফুট ৬ ইঞ্চি রাখিতে হইবে এবং সিঁড়ি ব্যতীত সম্পূর্ণ অংশ খালি রাখিতে হইবে।

Download from www.nha.gov.bd Date: 27/05/2017

২৬। প্রত্যেক বরাদ্দ প্রাপকগণ ভবনের বাহিরের অংশে গোলাপি রং করিতে হইবে এবং সর্বোচ্চ ৬ (ছয়) তলা বিশিষ্ট ভবন নির্মাণ করিতে পারিবেন।

২৭। জমির মূল্য সাময়িককভাবে প্রতি কাঠা ৪,৯০,০০০০/- (চার লক্ষ নব্বই হাজার) টাকা ধার্য্য করা হইয়াছে। যে কোন কারণে প্রকল্পের উন্নয়ন ব্যয় বৃদ্ধি পাইলে উক্ত জমির মূল্য আনুপাতিক হারে কিছুটা বৃদ্ধি পাইতে পারে, যাহা পরিশোধে সম্মত থাকিতে হইবে। উক্ত বর্ধিত মূল্য বরাদ্দ প্রাপকগণকে শেষ কিস্তির সাথে পরিশোধ করিতে হইবে। অন্যথায় বরাদ্দপত্র বাতিল বলিয়া গণ্য হইবে এবং প্রদানকৃত জামানতের টাকা বিনা সুদে ফেরত দেওয়া হইবে।

২৮। আবেদনপত্রের সহিত আবেদনপত্র ক্রয়ের মুল রশিদ সংযুক্ত করিতে হইবে।

২৯। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে প্রসপেক্টাস-এ উল্লেখিত যে কোন শর্ত/ শর্তাদি পরিবর্তন/ পরিবর্ধন/ সংযোজন/বিয়োজন এর ক্ষমতা সংরক্ষণ করেন।

৩০। বরাদ্দের বিষয়ে প্রথমে রাউজান উপজেলা অত:পর চট্টগ্রাম জেলা এবং তারপর চট্টগ্রাম বিভাগের আবেদনকারীগণকে অগ্রাধিকার দেওয়া হইবে।

মো: শহীদ উল্লা খন্দকার
চেয়ারম্যান
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
সেগুনবাগিচা, ঢাকা।
ফোন : ০২-৯৫৬২৭৬২

তারিখ ১/০৭/২০১৩ খ্রিস্টাব্দ

Download from www.nha.gov.bd Date: 27/05/2017

ছবি

পরিশিষ্ট-১

৩০০/- টাকার নন্-জুডিসিয়াল স্ট্যাম্পে
"হলফ নামার নমুনা"

আমি ....

পিতা/ স্বামী : ....

জন্ম তারিখ : .... বয়স : .... পেশা : ....

বর্তমানে : ....

ঠিকানায় বসবাসরত এবং আমার স্থায়ী ঠিকানা : গ্রাম : ....

ডাকঘর : .... থানা : ....

জেলা : .... নাগরিকত্ব ....

এই মর্মে ঘোষণা ও অঙ্গীকার করিতেছি যে, নিজস্ব বসবাসের জন্য আমার একটি আবাসিক প্লটের প্রয়োজন এবং আরো অঙ্গীকার করিতেছি যে, রাউজান উপজেলার আওতাধীন এলাকার মধ্যে কোথাও আমার নিজের নামে/ স্ত্রী/ স্বামী /সন্তান/ পোষ্যের নামে বা বেনামে কোন সরকারী/বেসরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান কর্তৃক/হইতে/কোন আবাসিক জমি/বাড়ী/ফ্ল্যাট বরাদ্দ/ক্রয় করা হয় নাই।

উপরোক্ত ঘোষণা সম্পূর্ণ সত্য ও নির্ভুল।

হলফকারীর পূর্ণ স্বাক্ষর

হলফকারী আমার পরিচিত,
তিনি আমার সম্মুখে স্বাক্ষর করিয়াছেন।
আমি তাহার পরিচয় দানকারী।

নোটারী পাবলিক/প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট

এ্যাডভোকেট

বিদেশে কর্মরত ওয়েজ অর্নার দের জন্য সংশ্লিষ্ট দেশের নোটারী পাবলিক/ বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর

Download from www.nha.gov.bd Date: 27/05/2017

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অধীনে

চট্টগ্রামস্থ রাউজান উপজেলার চট্টগ্রাম-কাপ্তাই মহাসড়কের পার্শ্বে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট (রাউজান পিংক সিটি-২) বরাদ্দের

আবেদনপত্রের ক্রমিক নং			
অফিস কর্তৃক পুরণ করা হইবে			

আবেদনপত্র

২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি ১ (এক) কপি সুদৃঢ়ভাবে আঠা দিয়ে লাগাইতে হবে।

০১। আবেদনকারীর নাম : (স্পষ্ট অক্ষরে)

বাংলায় ....

ইংরেজীতে (ক্যাপিটেল লেটার) ....

০২। পিতা/ স্বামীর নাম : .... মাতার নাম : ....

০৩। আবেদনকারীর জন্ম তারিখ .... বয়স : ....

(বয়সের প্রমাণপত্র সংযুক্ত করিতে হইবে)

০৪। বর্তমান ঠিকানা ....

০৫। স্থায়ী ঠিকানা ....

.... টেলিফোন / মোবাইল নং ....

০৬। ভোটার আই ডি নং (যদি থাকে) : ....

০৭। পেশার বিবরণ : ....

ক) অফিস/সংস্থা/ ব্যবসা প্রতিষ্ঠানের নাম : ....

খ) চাকুরীজীবি হইলে ....

১। পদের নাম : .... ২। বর্তমান প্রাপ্ত মূল বেতন ....

৩। বেতন স্কেল ....

৪। চাকুরীতে যোগদানের তারিখ .... ৫। মেয়াদকাল

গ) ব্যবসায়ী হইলে ব্যবসার ধরন .... (ট্রেড লাইসেন্সের কপি দাখিল করিতে হইবে)

ঘ) অন্যান্য উৎস হইতে আয় ....

ঙ) বার্ষিক মোট আয় : .... (আয়ের স্ব-পক্ষে প্রমাণপত্র এবং আয়কর সনদের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে)

০৮। টি আই এন নম্বর (যদি থাকে) ....

০৯। ক) প্রসপেক্টাস ও আবেদনপত্র ক্রয়ের রশিদ নং .... তারিখ : ....

(মুল রশিদ সংযুক্ত করিতে হইবে)

খ) চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবরে জমাকৃত পে অর্ডার/ ব্যাংক ড্রাফট নং- ....

তাং .... ব্যাংকের নাম .... শাখা ....

গ) বাংলাদেশী টাকা / মার্কিন ডলার/ পাউন্ড স্টার্লিং এর বিবরণ ....

১০। আবেদনকৃত প্লটের পরিমান : ....

(কোন প্রকার কাটাকাটি/ ঘষা মাজা/ ফ্লুইড ব্যবহার করা যাবে না)

১১। যে পেশা/ কোটায় প্লট পাইতে আগ্রহী : ....

(কোন প্রকার কাটাকাটি/ ঘষা মাজা/ ফ্লুইড ব্যবহার করা যাবে না)

১২। প্রসপেক্টাসে বর্ণিত চাহিদামতে সকল প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্ত করিতে হইবে।

১৩। হলফনামার তারিখ : ....

(৩০/০৬/২০১৩ তারিখের পরে সম্পাদিত ৩০০/- টাকা মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্প -এ হলফনামা সংযুক্ত করিতে হইবে)। NBR এর জন্য কর্মরত দেশের প্রচলিত ব্যবস্থা/বাংলাদেশ দূতাবাসের কোন কর্মকর্তার সম্মুখে সম্পাদিত হলফনামা গৃহীত হইবে।

১৪। আবেদনকারীর (নিজ নামে) ব্যাংক হিসাব নং ....

ব্যাংকের নাম .... শাখা ....

Swift code No (যদি থাকে) .... Routing No (যদি থাকে) ....

(জামানতের অর্থ ফেরত প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য হবে)

আমি অঙ্গীকার করিতেছি যে, আমার উপরোক্ত প্রদত্ত তথ্যসমূহ নির্ভুল এবং সত্য।

Download from www.nha.gov.bd Date: 27/05/2017